**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল রাস্তায় গৃহহীনতা সমাধানে উদ্যোগ সম্প্রসারণের ঘোষণা দিলেন

***গভর্নরের স্টেট অফ দ্য স্টেটের ঘোষণা অনুযায়ী, স্টেট নতুন "নিরাপদ বিকল্প সমর্থন (SOS)" আউটরিচ দল নিযুক্ত করবে – RFP আজকে ইস্যু করা হয়েছে***

***আগামী সপ্তাহ থেকে, বিদ্যমান স্টেট-অর্থায়িত আচরণগত স্বাস্থ্য পেশাদারদের তাৎক্ষণিক প্রয়োজন মেটাতে সাবওয়ে সিস্টেমে নিযুক্ত করা হবে***

***OMH নিউ ইয়র্ক সিটির রাস্তায় এবং সাবওয়েতে আউটরিচ করা 20টি SOS দলের জন্য বিনিয়োগ বৃদ্ধি করে বার্ষিক 21 মিলিয়ন মার্কিন ডলার করবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে গৃহহীনতা সমাধানে উদ্যোগ সম্প্রসারণ এবং নিবিড় আউটরিচ, নিযুক্তি, এবং নিউ ইয়র্ক সিটির রাস্তায় ও সাবওয়েতে সেবাদান সমন্বয় পরিষেবা প্রদানে সাহায্য ঘোষণা করলেন, এবং অলাভজনক প্রতিষ্ঠানের জন্য একটি প্রস্তাবনার অনুরোধ (Request for Proposals, RFP) চালু করার ঘোষণা দেন যাতে তারা আরো নিউ ইয়র্কবাসীকে রাস্তা থেকে আশ্রয়কেন্দ্র এবং/অথবা আবাসনে স্থানান্তর করতে সাহায্য করার জন্য সরাসরি আউটরিচ এবং একইসাথে ক্লিনিশিয়ান নিয়ে গঠিত বিশেষায়িত "নিরাপদ বিকল্প সমর্থন (Safe Options Support, SOS)" দল পরিচালনা করতে পারে। এই উদ্যোগগুলি এই মাসের শুরুর দিকে, 5 জানুয়ারি গভর্নরের স্টেট অফ দ্য স্টেট প্রস্তাবনার অংশ হিসেবে ঘোষিত হয়, গৃহহীনতার সাথে লড়াই করার জন্য এবং অভাবী নিউ ইয়র্কবাসীর জন্য আবাসন পাওয়ার সুযোগ বৃদ্ধি করার জন্য, এবং 6 জানুয়ারি গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামসের সাথে এইসব উদ্যোগের ব্যাপারে সিটির সমন্বয় তুলে ধরেন।

"নিউ ইয়র্ক সিটিতে আমাদের অংশীদারদের সাথে কাজ করে, আমরা আমাদের রাস্তা ও সাবওয়েকে আরো নিরাপদ করতে সাহায্য করার জন্য পদক্ষেপ নিচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "অনেক বেশি নিউ ইয়র্কবাসী রাস্তায় এবং সাবওয়েতে ঘুমাচ্ছে, তাদের নিজের পায়ে দাঁড়াতে সংস্থান এবং সমর্থন প্রয়োজন। অভীষ্ট এলাকাসমূহে আউটরিচ পেশাদার নিয়োগ করার মাধ্যমে, আমরা নিরাপত্তা বৃদ্ধি করতে সাহায্য করবো এবং নিশ্চিত করবো যে গৃহহীন নিউ ইয়র্কবাসীর যাতে প্রয়োজনীয় সমর্থন থাকে।"

সাবওয়ে সিস্টেমে গৃহহীন নিউ ইয়র্কবাসীকে তাৎক্ষণিক ও সম্প্রসারিত সহায়তা প্রদানের জন্য, স্টেট এক সপ্তাহের মধ্যে সাবওয়ে সিস্টেমে আনুমানিক 20 জন সরকারি কর্মচারী, চুক্তিকৃত

অলাভজনক প্রদানকারী কর্মী, এবং স্বেচ্ছাসেবীকে নিয়োগ দিবে। এদের মধ্যে থাকবে আচরণগত স্বাস্থ্য পেশাদার যারা গৃহহীন নিউ ইয়র্কবাসীদের অতি গুরুত্বপূর্ণ পরিষেবা এবং একই সাথে আশ্রয়কেন্দ্রের সাথে সংযুক্ত করে দিবে। স্টেট নিউ ইয়র্ক সিটি এবং মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) সাথে ঘনিষ্ঠভাবে সমন্বয় করবে যাতে এই পেশাদারদের এমন এলাকায় নিয়োগ করা যায় যেখানে সর্বোচ্চ তাৎক্ষণিক ও তীব্র চাহিদা রয়েছে এবং স্টেট চাহিদার উপর ভিত্তি করে নিয়োগ পরিবর্তন করতে হবে কিনা তা পর্যবেক্ষণ করতে থাকবে।

পাশাপাশি, আজকে স্টেটের মেন্টাল হেলথ অফিস (Office of Mental Health, OMH) একটি RFP ইস্যু করেছে যা উপযুক্ত অলাভজনক প্রতিষ্ঠানকে গভর্নর হোকলের SOS দল তৈরি ও বাস্তবায়ন করার জন্য আবেদন জমা করার আমন্ত্রণ জানায়, দলগুলি শুধু গৃহহীন নিউ ইয়র্কবাসীর সাথে সরকারি এক-এক আউটরিচ সম্পন্ন করবে না, বরং রাস্তায় এবং সাবওয়েতে ক্লিনিশিয়ান, নার্স, সোশ্যাল ওয়ার্কার, এবং আচরণগত স্বাস্থ্য বিশেষজ্ঞ অন্তর্ভুক্ত করবে, যাতে করে রাস্তা থেকে রেফারেলের লগজ্যাম ভাঙ্গা যায় এবং অভাবী নিউ ইয়র্কবাসীদের অবিলম্বে অতি প্রয়োজনীয় অতি জরুরি সার্বিক পরিষেবাসমূহ প্রদান করা যায়। OMH এই বছর মোট 20টি SOS দল নিযুক্ত করতে চায়, যার মধ্যে বসন্তের শুরুতে নিউ ইয়র্ক সিটিতে চারটি দল, গ্রীষ্মের মধ্যে নিউ ওয়ার্ক সিটিতে আরো আটটি দল, এবং বছর শেষ হওয়ার আগে পুরো স্টেটের উচ্চ চাহিদার অঞ্চলে শেষ আটটি দল নিয়োগ করা হবে, 2023 অর্থবছরের মধ্যে 11 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে এবং ভবিষ্যৎ বছরগুলিতে তা বৃদ্ধি করে বার্ষিক 21 মিলিয়ন মার্কিন ডলার করা হবে।

SOS দল ব্যাপকভাবে ব্যাপ্তি ও সক্ষমতা বৃদ্ধি করবে এবং নিউ ইয়র্ক সিটির হোমলেস সার্ভিসেস ডিপার্টমেন্টের (New York City Department of Homeless Services) সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে যাতে নিশ্চিত করা যায় যে পরিষেবার উপলভ্যতার সম্পূরক ও বৃহত্তর ব্যাপ্তি রয়েছে। দলে ক্লিনিশিয়ান অন্তর্ভুক্ত করার ফলে, পরিষেবার জন্য রেফারেল দ্রুততর হবে। পাশাপাশি, রেফারেল সমন্বয় করা হবে SOS রেফারেল হাবের (SOS Referral Hub) মাধ্যমে, সিটি ও স্টেটের একাধিক এজেন্সির সাথে সমন্বয়ে, যাতে দ্রুত সংযোগ এবং একই পরিষেবা দুইবার প্রদান প্রতিরোধ করা যায়। অনেক এনটিটি ব্যক্তিগত রেফারেল করতে পারবে, যার মধ্যে আউটরিচ দল, হাসপাতাল, পরিবার ও কেয়ারগিভার, কমিউনিটি প্রদানকারী, পুলিশ এবং MTA অন্তর্ভুক্ত, কিন্তু যা এর মধ্যে সীমাবদ্ধ নয়।

স্টেট এবং সিটি সরকারসমূহের মধ্যে সহযোগিতা ও সমন্বয় উন্নত করার জন্য, গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস ঘোষণা করেছেন যে SOS দলগুলির সম্পূরক হিসেবে থাকবে সিটিজুড়ে প্রশিক্ষণ সহযোগিতা যার মধ্যে থাকবে MTA, নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York City Police Department, NYPD), নিউ ইয়র্ক সিটি হোমলেস সার্ভিসেস ডিপার্টমেন্ট, নিউ ইয়র্ক স্টেট মেন্টাল হেলথ অফিস, নিউ ইয়র্ক স্টেট অ্যাডিকশন সাপোর্টস অ্যান্ড সার্ভিসেস অফিস (NYS Office of Addiction Supports and Services), নিউ ইয়র্ক স্টেট টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস (NYS Office of Temporary and Disability Assistance, OTDA), এবং অন্যান্য মুখ্য স্টেকহোল্ডার, যার ফলে গৃহহীনতা সঙ্কটের একটি সার্বিক ও পূর্ণাঙ্গ মোকাবেলা নিশ্চিত হবে।

**OMH কমিশনার ডাঃ অ্যান সালিভান বলেন,** "SOS দলগুলি প্রমাণ-ভিত্তিক অনুশীলন ব্যবহার করবে যা সর্বাধিক ঝুঁকিতে থাকা ব্যক্তিদের এবং প্রায়শই যাদের খুঁজে পাওয়া সবথেকে দুঃসাধ্য, তাদের সাহায্য করে বলে প্রমাণিত হয়েছে। নিউ ইয়র্ক সিটির এজেন্সিসমূহ ও কর্মকর্তাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে, কাদের আমাদের সহায়তার সর্বাধিক প্রয়োজন রয়েছে তাদের আরো ভালো করে সনাক্ত করতে পারবো এবং তাদের রাস্তা থেকে নিরাপদ আবাসনে স্থানান্তর করতে পারবো।"

**MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন,** "এখন গৃহহীনতায় ভুগতে থাকা মানুষদের প্রয়োজন মেটানো এবং আমাদের সিস্টেমে মানসিক স্বাস্থ্য সমস্যার সমাধান তাদের জন্য বিশেষভাবে জরুরি, এবং আমাদের যাত্রীদের জন্যও সমান গুরুত্বপূর্ণ। আমরা আমাদের শহরের দীর্ঘদিনের এই সমস্যা সমাধানে গভর্নরের দ্রুত পদক্ষেপকে স্বাগত জানাচ্ছি।"

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "গৃহহীনতা গোটা দেশের জন্য একটি সমস্যা যার সমাধানে সকলের একত্রে কাজ করতে হবে এবং এটি শুধু সরকারের সকল পর্যায়ের সমন্বয়ের মাধ্যমেই অর্জন করা যাবে। আমরা আশ্রয়হীন গৃহহীনতায় ভুগতে থাকা আমাদের নিউ ইয়র্কবাসীদের কাছে পৌঁছানো ও সমর্থন করার এই নতুন উদ্যোগের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি, এবং আমরা আমাদের সিটির সবথেকে দুঃস্থ বাসিন্দাদের নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করার নতুন ও সহানুভূতিশীল পন্থা সনাক্ত করতে আমাদের অংশীদারিত্ব ব্যবহার করার জন্য উন্মুখ।"

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের সার্বিক আচরণগত স্বাস্থ্য সঙ্কট ব্যবস্থার বিকাশকে তার প্রশাসনের শীর্ষ অগ্রাধিকারগুলির একটি করেছেন, যার বিশেষ মনোযোগ থাকবে নিউ ইয়র্কের রাস্তায় থাকা গৃহহীন জনগোষ্ঠীর জটিল চাহিদা সমাধানের উপর।

নিরাপদ বিকল্প সমর্থন দলের পাশাপাশি, সার্বিক ব্যবস্থাটিতে আরো রয়েছে নতুন সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্র, সঙ্কট আবাসিক কর্মসূচি, অতিরিক্ত মোবাইল সঙ্কট দল, একটি ৯৪৪ সঙ্কট হটলাইন, আইন প্রয়োগকারী ও সার্বিক মনস্তত্ত্ব জরুরি কর্মসূচির মধ্যে আরো উন্নত সমন্বয়, এবং আচরণগত স্বাস্থ্য সঙ্কটে ভুগতে থাকা প্রাপ্তবয়স্ক, শিশু ও পরিবারের জন্য অন্যান্য নিবিড় পরিষেবা। উপরন্তু, গভর্নর কেন্ড্রার আইনের (Kendra's Law) একটি ব্যাপ্তি বৃদ্ধি ও সম্প্রসারণ প্রস্তাব করেছেন, যা জটিল মানসিক রোগসহ ব্যক্তি, যাদের নিজেদের ও অন্যদের প্রতি সহিংস আচরণের ইতিহাস আছে, তাদের প্রতি স্টেট ও সিটির সাড়াদান জোরদার করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন